# শাবিপ্রবিতে 'ইইই ফেস্টিভাল'

▶▶ শেষ পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় থেকে চার শতাধিক শিক্ষার্থী বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করছে। প্রথম দিনে ছিল সাইবার গেম, ইলেকট্রনিকস অলিম্পিয়াড, ফিল্ম প্রদর্শন ও রোবিকস কিউব প্রতিযোগিতা। দ্বিতীয় দিন আজ শনিবার অটোনোমাস রোবোটিক চ্যালেঞ্জ, রোবো কমবেট এবং দুপুর ১টায় কেন্দ্রীয় মিলনায়তনে 'বিগ ব্যাঙ' তত্ত্বের ওপর সেমিনার অনুষ্ঠিত হবে।

**র‍্যাগিংয়ের ঘটনায় আমি জাতির কাছে ক্ষমা চাইছি : ড. জাফর ইকবাল**

বিশিষ্ট লেখক ও শিক্ষাবিদ এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল বলেছেন, 'যারা বিশ্ববিদ্যালয়ের নবীন শিক্ষার্থীদের র‍্যাগ দেয় ওই ছাত্রদের আমি শিক্ষক, সে জন্য লজ্জিত, জাতির কাছে ক্ষমা চাইছি। নবীন শিক্ষার্থীদের র‍্যাগিং দেওয়ার অপরাধ তাদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়েছে, শাস্তি দেওয়া হয়েছে। সেই শাস্তিটা গ্রহণ করে ওদের ক্ষমা চাওয়া উচিত ছিল। কিন্তু সেটা না করে তারা আন্দোলন করা শুরু করেছে এবং বিশ্ববিদ্যালয়ের বাকি ছাত্রদের কষ্ট দিচ্ছে। শুধু তাই নয়, তারা শিক্ষকদের সাথেও বেয়াদবি করেছে। এতে আমি খুবই লজ্জা পাচ্ছি যে এই ঘটনা আমাদের ক্যাম্পাসে ঘটেছে।' গতকাল শুক্রবার সকালে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছয় নবীন শিক্ষার্থীকে র‍্যাগিংয়ের ঘটনায় একই বিভাগের দুজনকে আজীবন বহিষ্কারসহ আরো তিনজনকে বিভিন্ন মেয়াদে বহিষ্কারের সিদ্ধান্ত নেয় সিন্ডিকেট। এ ছাড়া আরো ১৪ জনকে বিভিন্ন মাত্রায় জরিমানা করা হয়। আজীবন বহিষ্কারাদেশের সিদ্ধান্ত পুনর্বিবেচনার দাবিতে তাৎক্ষণিকভাবে গত বুধবার বিশ্ববিদ্যালয়ের গোলচত্বরের সড়ক অবরোধ করে অবস্থান নিয়েছিল ওই বিভাগের শিক্ষার্থীরা।